

জাকসু নির্বাচন: ৩ দিন বন্ধ থাকবে ক্লাস-পরীক্ষা


জাবি প্রতিনিধি

প্রকাশ : ০৩ সেপ্টেম্বর ২০২৫, ১২:৩৩



ছবি: ইণ্ডেফাক

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জাকসু) নির্বাচন উপলক্ষে তিন দিন ক্লাস-পরীক্ষা বন্ধ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। মঙ্গলবার (২ সেপ্টেম্বর) রাত ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এ বি এম আজিজুর রহমান সাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

 [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বিজ্ঞপ্তিতে বলা হয়, জাকসু ও হল সংসদ নির্বাচন উপলক্ষে আগামী ৯ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও ইনস্টিটিউটের পূর্বনির্ধারিত অনুশীলনী পরীক্ষা ও সকল পর্বের চূড়ান্ত পরীক্ষা স্থগিত থাকবে। তবে ক্লাস যথারীতি চলমান থাকবে। তবে ১০ ও ১১ সেপ্টেম্বর সকল ক্লাস ও পরীক্ষা স্থগিত থাকবে।

এছাড়া জাকসু উপলক্ষে উইকেড, ইভিনিং প্রোগ্রামের ক্লাস ও সকল পরীক্ষা স্থগিত থাকবে ১২ ও ১৩ সেপ্টেম্বর।

এতে আরও বলা হয়, এ বিজ্ঞপ্তি জারির তারিখ থেকে জাকসু নির্বাচনের দিন পর্যন্ত নতুন করে কোনো পর্বের অথবা সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষার রুটিন নির্ধারণ না করার জন্য সকল পরীক্ষা কমিটিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্বাচনের তফসিল অনুযায়ী আগামী ১১ সেপ্টেম্বর জাকসু নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।